## ১৩/১০/২০২২ তারিখে অনুষ্ঠিত উপজেলা খাদ্য বান্ধব কমিটির সভার কার্য-বিবরণী

সভাপতি ঃ ইশতিয়াক আহমেদ ,উপজেলা নির্বাহী অফিসার,ক্ষেতলাল,জয়পুরহাট।

সভার স্থান ঃ উপজেলা নির্বাহী অফিসার এর অফিস কক্ষ

সভার তারিখ ঃ ১৩/১০/২০২২ খ্রিঃ।

সভার সময় ঃ বেলা ১০.৪৫ ঘটিকা।

উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট ''ক''তে দেখানো হলো।

উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয় এবং সদস্য সচিব উপজেলা খাদ্য নিয়ন্ত্রক,ক্ষেতলাল, জয়পুরহাট'কে আলোচ্যসূচীর বিষয়ে উপস্থাপন করার জন্য অনুরোধ করা হয়।

সদস্য সচিব জানান গত ২৮/০৯/২০২২ তারিখে তুলশীগঙ্গা ইউনিয়নের খাদ্য বান্ধব ডিলার জনাব মোঃ বজলুর রহমান খান সেচ্ছায় খাদ্য বান্ধব ডিলার হতে পদত্যাগ করায় সভাপতি মহোদয়ের অনুমোদনক্রমে তার ডিলারশীপ নিয়োগ বাতিল করা হয় এবং গত ২৮/০৯/২০২২ তারিখে ১১৭১ নং স্মারকে ডিলার নিয়োগের বিজ্ঞপ্তি জারী করা হয়। সে মোতাবেক নিম্ন বর্ণিত (পাঁচ)জন আগ্রহী ব্যক্তির আবেদন পাওয়া যায় ১। জনাব মোঃ এনামূল হক মন্ডল,পিতাঃ মোঃ একরাম আলী মন্ডল ২। মোঃ রাজ্জাকুল হায়দার,পিতা মোঃ আঃ ওহাব ৩। জনাব মোঃ গোলাম রসুল, পিতা মোঃ মোফাজ্জল হোসেন ৪। জনাব মোঃ মেহেদী হাসান,পিতা মোঃ কবির উদ্দিন মন্ডল ৫। মোঃ নিজাম উদ্দিন তিাঃ মৃত নুরূল ইসলাম । আবেদনকারীদের দোকানঘর ও আনুসঙ্গিক কাগজপত্র সহ সরেজমিনে তদন্ত করে খাদ্য পরিদর্শক তথা ভারপ্রাপ্ত কর্মকর্তা,ক্ষেতলাল এলএসডি প্রতিবেদন দাখিল করেন। খাদ্য বান্ধব ডিলার হিসাবে নিয়োগে আগ্রহীব্যক্তিদের আবেদন ও তদন্ত প্রতিবেদন উপজেলা খাদ্যবান্ধব কমিটির নিকট উপস্থাপন করা হয় , বিস্তারিত যাচাই বাছায় অন্তে জনাব মোঃ মেহেদী হাসান ,পিতাঃ মোঃ কবির উদ্দিন মন্ডল ,গ্রামঃ তালসন দীঘিপাড়া ,পোঃ ক্ষেতলাল,উপজেলা ক্ষেতলাল,জয়পুরহাট'কে তুলশীগঙ্গা ইউনিয়নের তালসন বাজারস্থ বিক্রয়কেন্দ্রের খাদ্য বান্ধব ডিলার হিসাবে নিয়োগের বিষয়ে সকল সদস্য একমত পোষণ করেন।

২। সদস্য সচিব আরো জানান, খাদ্য মন্ত্রণালয়ের ১১/১০/২০২২ তারিখের ৩৯৫ নং স্মারকে খাদ্য বান্ধব কর্মসূচীর ভোক্তাদের ডিজিটাল ডাটাবেজে বাদ পড়া ভোক্তাদের পরিবর্তে সংশোধিত তালিকা ও সর্বশেষ হালনাগাদ তালিকা প্রস্তুত করতঃ আগামী ২৫/১০/২০২২ তারিখের মধ্যে উপজেলা নিবার্হী অফিসারের কার্যালয় অথবা উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়ে জমা প্রদানের জন্য অনুরোধ করেন এবং সংশোধিত তালিকার ভোক্তাগণ আগামী নভেম্বর/২০২২ মাস হতে খাদ্য বান্ধবের চাল পাবে বলে জানান এছাড়া ইউনিয়ন খাদ্য বান্ধব কমিটির সকল সদস্যের উপস্থিতিতে ইউডিসি কর্তৃক যাচাই কার্যে ভূল ভ্রান্তি সংশোধনের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

সভাপতি জানান, আগামী ২৫/১০/২০২২ তারিখের মধ্যে যাচাই অবশিষ্ট কার্ডের পরিবর্তে তদস্থলে অপেক্ষাকৃত অস্বচ্ছল পরিবারকে উক্ত কার্ড প্রতিস্থাপন করা যেতে পারে এবং স্বচ্ছ সংশোধিত তালিকা প্রণয়নের বিষয়ে ইউনিয়ন খাদ্য বান্ধব কমিটিকে অনুরোধ করেন।

বিস্তারিত আলোচনান্তে নিম্ন বর্নিত সিদ্ধান্ত গৃহীত হয়-

১. জনাব মোঃ মেহেদী হাসান ,পিতাঃ মোঃ কবির উদ্দিন মন্ডল ,গ্রামঃ তালসন দীঘিপাড়া ,পোঃ ক্ষেতলাল,উপজেলা ক্ষেতলাল,জয়পুরহাটকে তুলশীগঙ্গা ইউনিয়নের তালসন বাজারস্থ বিক্রয়কেন্দ্রের খাদ্যবান্ধব ডিলার হিসাবে নিয়োগের সিদ্ধান্ত গৃহীত হয়।

২. ইউনিয়ন খাদ্য বান্ধব কমিটি কুর্তক আগামী ১৮/১০/২০২২ হতে ২৫/১০/২২ তারিখের মধ্যে যাচাই অবশিষ্ট সংশোধিত তালিকা ও সর্বশেষ হালনাগাদ তালিকা প্রস্তুত করতঃ উপজেলা খাদ্যবান্ধব কমিটির নিকট প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

পরিশেষে, খাদ্য নিরাপত্তা ও পুষ্টি নিশ্চিতকল্পে সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে খাদ্য বান্ধব কর্মসূচী নীতিমালা-২০১৭ বাস্তবায়নের নিমিত্ত সকলের সহযোগীতা কামনা করে কমিটির সম্মানিত সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

16/10/2022

(ইশতিয়াক আহমেদ)
উপজেলা নির্বাহী অফিসার
ও সভাপতি
উপজেলা খাদ্য বান্ধব কমিটি
ক্ষেতলাল, জয়পুরহাট।

স্মারক নং ১৩.০৪.৩৮৬১.০০৪.৫৭.০৬২.২২.১২৪১ তারিখ: ১৩/১০/২০২২ খ্রি.

অনুলিপি : সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

১. মাননীয় হুইপ, বাংলাদেশ জাতীয় সংসদ/প্রতিনিধি , ও প্রধান উপদেষ্টা , উপজেলা খাদ্য কমিটি (খাদ্য) ক্ষেতলাল, জয়পুরহাট।
২. চেয়ারম্যান,উপজেলা পরিষদ, ক্ষেতলাল, ও উপদেষ্টা উপজেলা খাদ্য বান্ধব কমিটি (খাদ্য), ক্ষেতলাল, জয়পুরহাট।
৩. জেলা খাদ্য নিয়ন্ত্রক,জয়পুরহাট।
৪. উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা খাদ্য বান্ধব কমিটি (খাদ্য), ক্ষেতলাল, জয়পুরহাট।
৫. ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ক্ষেতলাল ও সদস্য উপজেলা খাদ্য বান্ধব কমিটি (খাদ্য), ক্ষেতলাল, জয়পুরহাট।
৬. উপজেলা কৃষি অফিসার ও সদস্য, উপজেলা খাদ্য বান্ধব কমিটি (খাদ্য), ক্ষেতলাল, জয়পুরহাট।
৭. উপজেলা সমাজ সেবা কর্মকর্তা ও সদস্য, উপজেলা খাদ্য বান্ধব কমিটি (খাদ্য), ক্ষেতলাল, জয়পুরহাট।
৮. উপজেলা পরিসংখ্যান অফিসার ও সদস্য, উপজেলা খাদ্য বান্ধব কমিটি (খাদ্য), ক্ষেতলাল, জয়পুরহাট।
৯. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ও সদস্য উপজেলা খাদ্য বান্ধব কমিটি (খাদ্য), ক্ষেতলাল, জয়পুরহাট।
১০. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ও সদস্য, উপজেলা খাদ্য বান্ধব কমিটি (খাদ্য), ক্ষেতলাল, জয়পুরহাট।
১১. জনাব মোঃ আজিজার রহমান পিতাঃ মৃত রোস্তম আলী,ক্ষেতলাল সদর,মনোনীত সদস্য উপজেলা খাদ্য বান্ধব কমিটি,ক্ষেতলাল,জয়পুরহাট।
১২. ভারপ্রাপ্ত কর্মকর্তা,ক্ষেতলাল এলএসডি,জয়পুরহাট।
১৩. চেয়াম্যান(সকল) ............................ইউনিয়ন,ক্ষেতলাল,জয়পুরহাট।
১৪. সচিব, .................................... ইউনিয়ন পরিষদ ও সদস্য সচিব, ...............................ইউনিয়ন খাদ্য বান্ধব তালিকা প্রণয়ন কমিটি, ক্ষেতলাল, জয়পুরহাট
১৫. জনাব............................... ইউডিসি(উদ্দোক্তা),.................ইউনিয়ন,ক্ষেতলাল,জয়পুরহাট।
১৬. খাদ্য বান্ধব ডিলার (সকল)......................................ইউনিয়ন,ক্ষেতলাল,জয়পুরহাট।

১৩/১০/২০২২

মোঃ মকলেচ আল আমিন
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
ক্ষেতলাল,জয়পুরহাট